ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৫১৪

সোনামুড়া, ৩ মে, ২০২৫

**কেন্দ্রীয় সরকারের এলএসডিজি কর্মসূচির মাধ্যমে বাঁশপুকুর পঞ্চায়েতে উন্নয়নমূলক কাজ**

কেন্দ্রীয় সরকারের এলএসডিজি কর্মসূচির মাধ্যমে কাঁঠালিয়া আরডি ব্লকের বাঁশপুকুর পঞ্চায়েতে ২০২৫-২৬ অর্থ বছরের বেশকিছু পরিকল্পনা নেওয়া হয়েছে। গ্রামে গ্রামে পানীয়জল, স্যানিটেশন, কৃষি সহ গার্হস্থ্য কাজে ব্যবহারের জন্য পর্যাপ্ত ও নিরাপদ এবং ব্যবহারযোগ্য জলের সুব্যবস্থা নিশ্চিত করাই এই কর্মসূচির মূল উদ্দেশ্য। সেই লক্ষ্যেই বাঁশপুকুর পঞ্চায়েতে পঞ্চদশ অর্থকমিশনের টাইড ফান্ডে বিভিন্ন পরিকল্পনা নেওয়া হয়েছে। এরমধ্যে বাঁশপুকুর পঞ্চায়েত কার্যালয়ে ২ লক্ষ ৭৩ হাজার টাকা ব্যয়ে জলের ট্যাংক নির্মাণ করা হবে। উক্ত পঞ্চায়েত এলাকার এক, দুই, তিন, চার ও পাঁচ নং ওয়ার্ডে পানীয়জলের লাইন মেরামত করা হবে। ব্যয় করা হবে ১০ হাজার টাকা। পঞ্চায়েত কার্যালয়ে বৃষ্টির জল সংরক্ষণের জন্য স্থায়ী আধার নির্মাণ করা হবে। এরজন্য ব্যয় করা হবে ২৭ হাজার টাকা। একই উদ্দেশ্যে এমজিএন রেগা প্রকল্পে ১টি নতুন পুকুর খনন করা হবে, ৮টি চেকড্যাম তৈরী করা হবে এবং ৩টি নতুন কাঁচা নালা নির্মাণ করা হবে। এই কাজগুলির বাস্তবায়নে মোট ১ কোটি ২৭ লক্ষ টাকা ব্যয় করা হবে। বাঁশপুকুর পঞ্চায়েত কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****